দৈনিক সংবাদ

তথ্য ও পরিসংখ্যান
ডকুমেন্টেশন কেন্দ্র

১৫

তারিখ ...06 APR 1988...
পৃষ্ঠা... ...কলাম...

# বেসরকারী শিক্ষকদের ১০শতাংশ মহার্ঘভাতা দেয়া হবে ঃ রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি এরশাদ জাতিকে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করার লক্ষ্যে শপথ গ্রহণের জন্য শিক্ষক সমাজের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি গতকাল বিজয় সরণীতে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের চতুর্থ জাতীয় শিক্ষক মহাসম্মেলনে ভাষণ দিচ্ছিলেন। খবর বাসস'র।

রাষ্ট্রপতি শিক্ষকদের কল্যাণে মহাসমাবেশে বেশ কয়েকটি পদক্ষেপ গ্রহণের কথা ঘোষণা করেন। তিনি ঘোষণা করেন: বেসরকারী স্কুল, মাদ্রাসা ও কলেজ শিক্ষকরা আগামী ১লা জুলাই থেকে ১০ শতাংশ হারে মহার্ঘ ভাতা পাবেন এবং শিক্ষকদের জন্য ১লা জুলাই থেকে জাতীয় কল্যাণ তহবিল গঠন করা হবে।

তিনি ঘোষণা করেন, বেসরকারী শিক্ষকদের বেতনভাতা হিসেবে দেয়া সরকারী মঞ্জুরি ১লা জুলাই থেকে প্রতিমাসে নিয়মিত দেয়া হবে। এনাম কমিটির সুপারিশ অনুযায়ী নয়া জাতীয়করণকৃত কলেজসমূহে নতুন পদ সৃষ্টি করা হবে।

তিনি বলেন, বেসরকারী স্কুল, মাদ্রাসা ও কলেজের ৩য় এবং ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ১লা জুলাই থেকে জাতীয় বেতন স্কেলের অধীনে আনা হবে।

ফেডারেশনের নেতৃবৃন্দ ছাড়াও মহাসমাবেশে অন্যান্যের মধ্যে রাষ্ট্রপতির রাজনৈতিক উপদেষ্টা ও উপ-প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বক্তব্য রাখেন।